



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
Bangladesh Madrasah Education Board, Dhaka.

নং বামাশিবো/পরী/আলিম-২০১৭/০০০৪৬/আইফিমাউ

তারিখঃ ১৭/০৪/২০১৭।

২০১৭ সালের আলিম পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে পরীক্ষা কক্ষে প্রবেশ নিশ্চিতকরণ সম্পর্কিত

জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা চলমান ২০১৭ সালের আলিম পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে শিক্ষার্থীদের পরীক্ষার হলে প্রবেশ নিশ্চিতকরণে বাধ্যবাধকতা থাকা সত্ত্বেও অনেক কেন্দ্রে পরীক্ষার্থীরা যথাসময়ে পরীক্ষা কক্ষে প্রবেশ করছে না মর্মে প্রতীয়মান হচ্ছে। এমতাবস্থায় কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে নিম্নরূপভাবে পরীক্ষা গ্রহণ নিশ্চিতকরণের জন্য পুনরায় অনুরোধ করা হলোঃ-

- ১। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনামত পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে সকল পরীক্ষার্থীর পরীক্ষা কক্ষে উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- ২। নির্ধারিত সময়ের পরে পরীক্ষা কক্ষে প্রবেশকারী পরীক্ষার্থীদের বিলম্বের কারণ জিজ্ঞাসাবাদ করে সন্তোষজনক হলে, তবেই পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া যাবে।
- ৩। পরীক্ষা কেন্দ্রের ২০০ গজের মধ্যে বহিরাগত বা অনাকাঙ্ক্ষিত ব্যক্তিবর্গের উপস্থিতি বা জটলা থাকলে তাৎক্ষণিক দায়িত্বপ্রাপ্ত পুলিশ কর্মকর্তাকে অবহিত করতে হবে।

উক্ত বিষয়ে সকল আলিম পরীক্ষা কেন্দ্রে সতর্ক নোটিশ বার্তা প্রদান করত: সুষ্ঠু ও রীতিমাত্তিক পরীক্ষা গ্রহণ নিশ্চিত করার জন্য সকল আলিম মাদরাসা পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অনুরোধ করা হলো।

(প্রফেসর এ.কে.এম. ছায়েফ উল্লাহ)

চেয়ারম্যান

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

০২-৫৮৬১০২১৬।

ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল)

আলিম মাদরাসা পরীক্ষা কেন্দ্র-২০১৭।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ইকটন গার্টেন রোড, রমনা, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক (সকল)।
- ৪। অফিস কপি।